পরীক্ষামূলক সংস্করণ

তারুণ্যের শক্তি পৃথিবীর মুক্তি

# চেঞ্জ এজেন্ট




বিপ
বিপ

তারুণ্যের শক্তি পৃথিবীর মুক্তি

# চেঞ্জ এজেন্সি



কিশোর কিশোরীদের জন্য কমিক্স

# চেইঞ্জ এজেন্ট

## তারুণ্যের শক্তি, পৃথিবীর মুক্তি

(পরীক্ষামূলক সংস্করণ)

প্রকাশকাল : জুন ২০২৫

**মুদ্রণ**
ইন্টারগ্রাফিক লিমিটেড

---

ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের উপযোগী করে পরীক্ষামূলকভাবে এই কমিকটি মুদ্রিত হয়েছে যা শুধুমাত্র ২৪টি নির্বাচিত মাধ্যমিক বিদ্যালয়ে নির্দিষ্ট সময়ের জন্য ব্যবহার করা হবে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, এটুআই এবং ইউনিসেফ এর সমন্বিত উদ্যোগ এবং অংশগ্রহণে শিক্ষাক্রমের সংগে সামঞ্জস্য রেখে এই সহায়ক শিক্ষা উপকরণটি শিক্ষার্থীদের সংগে সহ-উন্নয়ন (co-creation) করা হয়েছে যার কার্যকারিতা যাচাই এর উদ্দেশ্যে ৭০০০ কপি মুদ্রিত হয়েছে। বইটি কপি, পূনঃমুদ্রণ বা বিতরণ করা যাবেনা বা অন্য কোন কাজে ব্যবহার করা যাবেনা। এটি বিক্রির জন্য নয়।

# পর্ব : মিশন ২০২৫










কিশোর গোয়েন্দা ব্যুরো, ঢাকা অফিস। খুবই গোপন সব মিশনের জন্য বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত কিশোর এজেন্টদের নিয়ে গড়ে তোলা হয়েছে আন্তর্জাতিক গোয়েন্দা সংস্থার এই বিশেষ শাখা।
দেরি করে ফেলিনি আশা করি।
নাহ! একদম সময়মতই এসেছ। তোমার অপেক্ষাতেই ছিলাম।
বসে পড়ো এজেন্ট লিয়া, এজেন্ট বনির সাথে পরিচয় আছে নিশ্চয়ই? তোমাদের তো একসাথেই ট্রেনিং হয়েছিল?
জ্বি স্যার।
খুবই গোপন একটা মিশনের ব্যাপারে আলাপ করার জন্য তোমাদের আজ ডাকা হয়েছে।
ছবির এই ভদ্রমহিলাকে চিনতে পারছ?
বিখ্যাত বিজ্ঞানী ড. শাওন চৌধুরী না?
এক্স্যাক্টলি!
বিখ্যাত না কুখ্যাত?



এই সময়ের পৃথিবীর সবচেয়ে মেধাবী মানুষদের মধ্যে একজন ধরা হয় তাকে। আফসোসের বিষয় হলো, এই অসাধারণ মেধাকে তিনি এযাবৎ কোনো ভালো কাজে ব্যবহার করেন নি।
গত কয়েক বছরে বিজ্ঞানী শাওন চৌধুরী বেশ কিছু ভয়ানক গবেষণার কাজ হাতে নিয়েছিলেন, এই তথ্যও নিশ্চয়ই তোমাদের জানা। অনেক কষ্টে এতদিন তার এসব কুকর্ম ঠেকিয়ে রাখা গেছে, কিন্তু এখন পরিস্থিতি ভিন্ন।
কেন স্যার? বেআইনি কিছু করলে তাকে এরেস্ট করলেই তো হয়!
এই মুহূর্তে উনি গবেষণা করছেন পরমাণু শক্তি নিয়ে, এখন পর্যন্ত প্রচলিত আইনে তাকে অপরাধী বলার উপায় নেই। কিন্তু আমাদের কাছে নিশ্চিত তথ্য আছে, গোপনে উনি নতুন ধরনের পারমাণবিক অস্ত্রের পরিকল্পনা করেছেন, যার ধ্বংসের ক্ষমতা সাধারণ পারমাণবিক বোমার চেয়ে বহুগুণ বেশি।
এই অস্ত্র পৃথিবীর যুদ্ধবাজ নেতাদের হাতে পড়লে কী হবে বুঝতে পারছ?
সর্বনাশ! কিন্তু একটা মানুষ এরকম ভয়ানক কাজ করতে যাবে কেন? টাকার লোভ?
জানিনা। সত্যি বলতে, শাওন চৌধুরী সম্পর্কে আমাদের কাছে খুব বেশি তথ্যও নেই। বহুদিন হলো তিনি পরিবারছাড়া, স্বার্থপর আর বদরাগী স্বভাবের কারণে অন্য বিজ্ঞানীদের সাথেও সম্পর্ক ভালো না।


তবে শাওন চৌধুরীর অতীত ঘাঁটাঘাঁটি করে কিছু ইন্টারেস্টিং তথ্য পাওয়া গেছে।
প্রথম জীবনে উনি সৌরশক্তি নিয়ে কাজ শুরু করেছিলেন। সেটা একেবারে অল্প বয়সে, এই ধরো তোমাদের বয়সেই।
কীরকম স্যার?
ওই সময়ে কিছু একটা ঘটেছিল যার ফলে উনি খুব আপসেট হয়ে পড়েন। এর পর বলতে গেলে সবার সাথেই মেলামেশা বন্ধ করে গুটিয়ে যান... এখন ওনার যেসব ধ্বংসাত্মক কাজকর্ম দেখছ তার সাথে ওই বয়সের ঘটনাগুলোর কোনো একটা যোগসূত্র নিশ্চয়ই আছে!
আপনি কি বলতে চাইছেন ঐ সময়ের ঘটনাগুলো বদলে দেয়া গেলে আজকে উনি অন্যরকম হতে পারতেন?
একদম ঠিক ধরেছ! আর এই কাজটার জন্যেই তোমাদের ডাকা হয়েছে। তোমাদের এবারের মিশন হবে প্রায় পঞ্চাশ বছর অতীতে ফিরে গিয়ে, ২০২৩ সালের পৃথিবীতে... খুঁজে বের করতে হবে, ঠিক কোন কারণে এত প্রতিভাধর একজন মানুষের পৃথিবীর সবার ওপর এত ক্ষোভ আর আক্রোশ!
কিন্তু স্যার সেজন্য তো টাইম মেশিন লাগবে। আর এখন পর্যন্ত গোটা পৃথিবীতে একজনই সফলভাবে এই জিনিস বানাতে পেরেছেন, তিনি হলেন...
শাওন চৌধুরী নিজে!


পৃথিবীর একমাত্র সফল টাইম মেশিনটা রাখা আছে ড শাওনের ল্যাবে। সেটা নিয়েই মিশনে যেতে হবে তোমাদের!
তাহলে কাজের প্ল্যান সাজিয়ে ফেলো। আগামীকালই মিশন শুরু তোমাদের।
এরকম অদ্ভুত মিশন আগে হাতে আসে নি, তাই না?
সে আর বলতে! যাক গে, কাজে নেমে পড়ি চলো।
এই যে ল্যাবের ম্যাপ। টাইম মেশিনটা রাখা আছে একদম উপরের তলায়, কঠিন নিরাপত্তায়।
অতীত ঘটনার লোকেশন খুঁজে বের করার জন্য বনির জিপিএস ট্র্যাকার
অত কঠিন হবে না আশা করি। উনি নিশ্চয়ই আশা করবেন না যে রীতিমত গোয়েন্দা সংস্থার লোক এই মেশিন চুরি করতে তার ল্যাবে গিয়ে হাজির হবে!
অন্ধকারে দেখার জন্য ইনফ্রারেড চশমা
হুম। কালই তো যেতে হবে। মিশনে যা যা নিতে হবে একবার দেখে নিই চলো।
জরুরি পরিস্থিতিতে ব্যবহারের জন্য Snooze গান
গোপন যোগাযোগের জন্য স্মার্ট ঘড়ি
ম্যাঁও!
হ্যাঁ হ্যাঁ তুইও যাচ্ছিস!
অস্থায়ী ক্যাম্পের জন্য তাঁবু
এজেন্টদের সার্বক্ষণিক স্বাস্থ্য পরীক্ষার জন্য হেলথ মনিটর


সেদিন রাতে
পুরো এলাকা নজরদারির মধ্যে, সিকিউরিটি সিস্টেম হ্যাক করে ঢুকতে হবে
হ্যাঁ, কিন্তু সময় মাত্র তিন মিনিট। তিন মিনিটের মধ্যে পুরো সিকিউরিটি টিম হাজির হয়ে যাবে সিস্টেম ডাউন দেখলে। তার আগেই টাইম মেশিন স্টার্ট দিয়ে অতীতে রওনা দিতে হবে আমাদের।
হ্যাঁ, এবার!
বিপ বিপ
ক্রিং ক্রিং


এই ঘড়িই টাইম মেশিন?
হ্যাঁ, ডায়ালটা দিয়ে টাইম সেট করে নাও। আর ঘাড়ে এই চিপটা লাগিয়ে নাও তাড়াতাড়ি!
2060
0104


আমি এজেন্ট লিয়া।
আমি এজেন্ট বনি।
যদিও এই নামগুলো আমাদের কোডনেম। এই সংস্থায় সবার পরিচয় গোপন রাখা বাধ্যতামূলক, তাই এখানে কারো আসল নাম ব্যবহারের নিয়ম নেই। সবাইকেই একটা কোডনেম ব্যবহার করতে হয়।
দেখতেই পাচ্ছ, পৃথিবীর সামনে বিরাট বিপদ।
সেই বিপদ থেকে রক্ষা পেতে আমরা আসছি ভবিষ্যৎ থেকে, তোমাদের সময়ে।
যোগ দিতে চাও আমাদের সঙ্গে এই এডভেঞ্চারে? তাহলে দেরি কেন? আজই চলে এসো!
তোমার গোপন কোডনেম হচ্ছে ‘এজেন্ট নিও’
অভিনন্দন!
আন্তর্জাতিক কিশোর গোয়েন্দা ব্যুরোর নতুন এজেন্ট হিসেবে তোমাকে স্বাগতম! এই মিশনে আমাদের সব এজেন্টদের আইডি নিচে দেয়া আছে, তুমিও তোমার আইডি পূরণ করে ফেলো!


SECRET AGENT
Codename: Lia
Agent ID: #B01526
Date of issue:
01/04/2058
Teen Secret Service Bureau
SECRET AGENT
Codename: Boni
Agent ID: #B01528
Date of issue:
05/04/2058
SECRET AGENT
Codename: Neo
Agent ID: #B02547
Date of issue:
...../...../20....
Teen Secret Service Bureau

# পর্ব : বন্ধুত্ব




একটু পর
বিশ্বাসই হচ্ছে না! ২০২৩ সালে চলে এসেছি আমরা!!
হিসেব অনুযায়ী আমরা বিজ্ঞানী শাওন চৌধুরীর বাড়ির কয়েক কিলোমিটারের মধ্যেই আছি। তোমার জিপিএস ট্র্যাকারটা চালু করো তো, রাস্তা চিনতে লাগবে।
মিশনের জন্য রেডি!
দুঃখিত, তোমার গলার স্বর মিলছে না। ট্র্যাকিং ডিভাইস চালু করা সম্ভব হয় নি। আবার চেষ্টা করো।
সেকী? গতবছরেও না আমি এই ডিভাইস নিয়ে মিশনে গেলাম! গলা মিলবে না কেনো?
কী যন্ত্রণা! এখন কী করতে হবে?
ডিভাইসটি তুমি এক বছর আগে সর্বশেষ ব্যবহার করেছো। এর মাঝে তোমার গলার স্বর পালটে গেছে। বয়সন্ধিজনিত কারণে এটা ঘটতে পারে।
তুমি যে আসল এজেন্ট সেটা প্রমাণ করতে হবে। বয়ঃসন্ধির কারণে তোমার গলার স্বর পরিবর্তন হয়ে থাকলে এই সময়ে আরো কিছু শারীরিক পরিবর্তন হবার কথা।
তোমার সাম্প্রতিক সময়ে আর কী কী শারীরিক পরিবর্তন হয়েছে সেটা বল। উত্তর সঠিক হলেই ডিভাইস চালু হবে।
কী ঝামেলায় পড়লাম! আচ্ছা চলো দেখি উত্তরগুলো দিতে পারি কিনা।
এজেন্ট নিও, তোমার সাহায্যও কিন্তু লাগবে!




- ☐ উচ্চতা ও ওজন বাড়ে
- ☐ শরীর দুর্বল হয়ে যায়
- ☐ মাথার চুল পড়তে থাকে
- ☐ গলার স্বর পরিবর্তন হয়
- ☐ উচ্চতা কমে যেতে পারে
- ☐ হাঁসের ডিম খেলে গলা ফ্যাসফ্যাসে হয়
- ☐ গলার স্বর নষ্ট হয়
- ☐ রোগের সৃষ্টি হয় ও ক্ষুধামন্দা দেখা দেয়
- ☐ শেইভ না করলে দাড়ি-গোঁফ গজায় না
- ☐ হাতে, পায়ে, বুকে, বগলে ও যৌনাঙ্গে লোম গজায়। মুখে দাড়ি-গোঁফ দেখা দেয় ও ব্রণ উঠতে পারে।

## সঠিক উত্তরগুলো একনজরে নিচে দেখে নাও

√ উচ্চতা ও ওজন বাড়ে

× রোগের সৃষ্টি হয় ও ক্ষুধামন্দা দেখা দেয়

× শরীর দুর্বল হয়ে যায়

× শেইভ না করলে দাড়ি-গোঁফ গজায় না

× মাথার চুল পড়তে থাকে

× গলার স্বর নষ্ট হয়



× হাঁসের ডিম খেলে গলা ফ্যাসফ্যাসে হয়

√ গলার স্বর পরিবর্তন হয়

√ হাতে, পায়ে, বুকে, বগলে ও যৌনাঙ্গে লোম গজায়। মুখে দাড়ি-গোঁফ দেখা দেয় ও ব্রণ উঠতে পারে।

× উচ্চতা কমে যেতে পারে


যাক শেষ পর্যন্ত চালু হল ট্র্যাকিং ডিভাইস! এই যে শাওন চৌধুরীর বাড়ির লোকেশন দেখাচ্ছে!
পিকু! নেমে আয়, তুই পারবি নামতে!
কী হয়েছে? কোনো সাহায্য লাগবে?
হ্যাঁ... এই যে আমার বিড়াল পিকু, ভীতুর ডিম একটা... দু ঘণ্টা ওখানে আটকে আছে, নামতে পারছে না...
আমি দেখছি দাঁড়াও।
তোমাদের কী বলে যে ধন্যবাদ দেব!


তোমাদের তো আগে এদিকে দেখিনি! আমি শাওন, এটা আমার বাসা।
আমি লিয়া, আর ও আমার ভাই বনি।
আমরা ছুটিতে এসেছি এখানে আমাদের মামার বাসায়।
আরে তোমার কাঁধে এটা কি তোমার বিড়াল?
হ্যাঁ, ওর নাম কিকি, অতি দুষ্টু এবং অতি অলস।
ধুর... কী সুইট দেখতে! আচ্ছা তোমরা কতদিন থাকবে এখানে?
গড় গড় গড়
বেশিদিন না। তোমার সাথে দেখা হয়ে ভালই হল, নতুন একজন বন্ধু পেলাম।
আচ্ছা আমরা তো এখানে নতুন, তোমাদের এই এলাকাটা ঘুরিয়ে দেখাতে পারবে?
হ্যাঁ নিশ্চয়ই! কাল বিকেলের দিকে চলে এসো তাহলে। কিকিকেও নিয়ে এসো কিন্তু!
পরের কিছুদিন...


আচ্ছা তুমি আমাদের সাথে এত আড্ডা দিচ্ছ, অথচ অন্য মানুষজন সামনে পড়লেই এত কাঁচুমাচু হয়ে যাও কেনো বলো তো?
কেনো?
আমার মানুষজন ভাল্লাগে না।
আমার আসলে ইদানিং খুব অস্বস্তি লাগে মানুষজনের সামনে যেতে।
মনে হচ্ছে যতই বড় হচ্ছি, নিজের শরীরের অনেক কিছু বদলে যাচ্ছে... এসবের সাথে মানিয়ে নিতে আমার খুব অসুবিধা হচ্ছে।
সেদিন ক্যাম্পে...
শাওনের ব্যাপারটা ভাবা দরকার। ওর যে বয়স, কিছু পরিবর্তন তো এখন ঘটবেই। কিন্তু এটা নিয়ে ও এত মনটন খারাপ করে আছে কেনো বুঝলাম না।
তুমি যেমন ভাবছ বিষয়টা অত সোজা না। আমাদেরকে তো ছোটবেলা থেকে শিখিয়ে পড়িয়ে তৈরি করে, তার পরেও আমরা ধাক্কা খাই এই কিশোর বয়সে এসে। আর এটা প্রায় চল্লিশ বছর আগের বাংলাদেশ!




নিচের কোন কোন পরিবর্তন বয়ঃসন্ধিকালে ঘটে? কোনগুলো সঠিক তথ্য আর কোনগুলো ভুল ধারণা বলতে পারো? সঠিক উত্তরে ✓ আর ভুল ধারণায় ✗ চিহ্ন দিয়ে বনি আর লিয়াকে সাহায্য করো।




**বয়ঃসন্ধিকালে মেয়েদের শারীরিক পরিবর্তন**

- ☐ উচ্চতা ও ওজন বাড়ে। বগলে ও যৌনাঙ্গে লোম গজায়।
- ☐ বয়ঃসন্ধিকালে মেয়েদের কোমর সরু ও উরু ভারি হয়। স্তন বড় হয়।
- ☐ এসময়ে মাসিকের কারণে মেয়েদের ওজন কমে যায়
- ☐ এসময়ে কম খেলে সুন্দর থাকা যায়
- ☐ উচ্চতা কমে যেতে পারে
- ☐ ব্যায়াম করলে, খেলাধুলা করলে মেয়েদের শরীরের গঠন পুরুষালী হয়ে যায়

**বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েদের মানসিক পরিবর্তন**

- ☐ বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েদের আবেগ দ্বারা চালিত হবার প্রবণতা বাড়ে
- ☐ বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েদের দুঃসাহসিক ও ঝুঁকিপূর্ণ কাজের আগ্রহ বাড়ে
- ☐ এসময় নানা ধরণের দ্বিধাদ্বন্দ্ব ও অস্থিরতা কাজ করে

# সঠিক উত্তরগুলো একনজরে নিচে দেখে নাও

√ বয়ঃসন্ধিকালে মেয়েদের কোমর সরু ও উরু ভারি হয়। স্তন বড় হয়।

× বয়ঃসন্ধিকালে মেয়েদের উচ্চতা কমে যেতে পারে

× এসময়ে মাসিকের কারণে মেয়েদের ওজন কমে যায়

× এসময়ে কম খেলে সুন্দর থাকা যায়

√ এসময় নানা ধরণের দ্বিধাদ্বন্দ্ব ও অস্থিরতা কাজ করে



√ বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েদের দুঃসাহসিক ও ঝুঁকিপূর্ণ কাজের আগ্রহ বাড়ে

√ বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েদের আবেগ দ্বারা চালিত হবার প্রবণতা বাড়ে

√ এসময়ে মেয়েদের উচ্চতা ও ওজন বাড়ে। বগলে ও যৌনাঙ্গে লোম গজায়।

× ব্যায়াম করলে, খেলাধুলা করলে মেয়েদের শরীরের গঠন পুরুষালী হয়ে যায়



# পর্ব : স্কুল এডভেঞ্চার




প্রথম উত্তর বেছে নিয়েছিলে? ফল কী হয় নিজেই দ্যাখো!
ধরে কঠিন মার লাগানো উচিত!
একটু পর
কিরে ভুয়া সাইন্টিস, এখন কেমন লাগে?
পরিস্থিতি আরো বাজে হল তো! টাইম মেশিনে সময় পিছিয়ে শাওনকে সঠিক পরামর্শ দেবার চেষ্টা করো।
তুমি যে বিরক্ত হচ্ছ সেটা স্পষ্ট করে বল।
তোমাদের এসব কথাবার্তা আমার মোটেই ভাল লাগছে না, এভাবে আর বলবে না।
কিরে ভুয়া সাইন্টিস, তুই নাকি আমাদের কথায় মাইন্ড করিস?
আবার শুরু হল... কী করি বল তো!
নিও, শাওনকে কী বুদ্ধি দেয়া যায়? নিচের উত্তরগুলো থেকে একটা বেছে নাও।
স্যারের কাছে গিয়ে আচ্ছা করে নালিশ কর, পাজিগুলোকে একদম সোজা করে দেবে!
বড়দের সাহায্য লাগবে, স্যারের সাথে কথা বলে দেখ, কিন্তু বেশি নালিশ করতে যেও না আবার।


প্রথম উত্তর বেছে নিয়েছিলে? ফল কী হয় নিজেই দ্যাখো!
স্যারের কাছে গিয়ে আচ্ছা করে নালিশ কর, পাজিগুলোকে একদম সোজা করে দেবে!
কিরে ভুয়া সাইন্টিস, তুই নাকি স্যারের কাছে ফ্যাঁচফ্যাঁচ করে নালিশ দিতে গিয়েছিলি?
পরিস্থিতি আরো বাজে হল তো! টাইম মেশিনে সময় পিছিয়ে শাওনকে সঠিক পরামর্শ দেবার চেষ্টা করো।
বড়দের সাহায্য লাগবে, স্যারের সাথে কথা বলে দেখ, কিন্তু বেশি নালিশ করতে যেও না আবার।
মজা করতে গিয়ে কাউকে বিরক্ত করা ঠিক না।
কিরে ভুয়া সাইন্টিস, স্যারের কাছে গিয়ে কি কান্নাকাটি করলি নাকি?
এ তো থামছেই না... কী করি বল তো!
নিচের উত্তরগুলো থেকে একটা বেছে নাও।
অন্যকিছুর উপর রাগ ঝাড়ো- কী আর করার!
পাত্তাই দিও না, বলতে থাকুক যা ইচ্ছা! পাত্তা দিলে তো ওরা আরো মজা পেয়ে যাবে।



প্রথম উত্তর বেছে নিয়েছিলে? ফল কী হয় নিজেই দ্যাখো!
ওদের উপর রাগ দেখালে তো আরো বিপদে ফেলবে! অন্যকিছুর উপর রাগ ঝাড়ো- কী আর করার!
কিরে ভুয়া সাইন্টিস, তুই কি এখন ফ্যাঁচফ্যাঁচ করে কাঁদতে বসবি নাকি?
পরিস্থিতি আরো বাজে হল তো! টাইম মেশিনে সময় পিছিয়ে শাওনকে সঠিক পরামর্শ দেবার চেষ্টা করো।
পাত্তাই দিও না, বলতে থাকুক যা ইচ্ছা! পাত্তা দিলে তো ওরা আরো মজা পেয়ে যাবে।
কীরে ভুয়া সাইন্টিস? কী বই পড়িস? সহজ গরু পালন পদ্ধতি?
অ্যাই, অনেক হয়েছে। বাদ দে তো এখন। আর ও তো পাত্তাও দিচ্ছে না!
পিংকি, শোন!
এই বইটা নিবি? আমার খুব প্রিয় একটা সায়েন্স ফিকশন। পড়ে দ্যাখ!
অ্যাঁ... থ্যাংকস শাওন!


আজকে তোমাদের একটা জায়গায় নিয়ে যাব। তোমরা কিন্তু কাউকে বলে দেবে না!
কাউকে বলব না... কিন্তু জায়গাটা কই?
হাহ হা! আমার গোপন আস্তানা! চিলেকোঠায় চল!
এই যে- এই হল আমার নিজের ল্যাব।
ইয়েস! আব্বু আম্মুকে অনেক বলে কয়ে এই রুমটা নিয়েছি আমার কাজের জন্য। তারা অবশ্য বিজ্ঞান নিয়ে কাজ করলে রাগ টাগ করে না।
মাই গড! তুমি তো দেখি আসলেই বিরাট বিজ্ঞানী! তোমার নিজের ল্যাব??


এ তো দেখি অনেক জিনিস! এত জিনিস পেলে কোথায়?
?
একদিনে তো হয়নি... কয়েক বছরের জমানো জিনিসপত্র আমার এগুলি।
বনি, জানালায় কী দেখছ?
নাহ, কিছু না! এমনিতেই।
এই বাক্সের মত দেখতে এটা কী?
ও এটা? নতুন একটা প্রজেক্ট নিয়ে ভাবছি বললাম না?
সৌরশক্তি নিয়ে কাজ, নতুন ধরনের একটা জেনারেটরের মডেল বানাচ্ছি। আগামী সপ্তাহে জাতীয় ক্ষুদে বিজ্ঞানী প্রতিযোগিতার জেলাভিত্তিক সিলেকশন। এটা ওইখানে দেখাবো।
ওরেব্বাপ! এ তো বিরাট ব্যাপার! তুমি তো দেখি বড় হয়ে বিখ্যাত মানুষ হয়ে যাবে!
আরে ধ্যুৎ!
সেদিন ক্যাম্পে
সত্যিই বলছি। শাওনের উপর কেউ নজর রাখছে।
কী বলছ?
চিন্তার কথা।
আপাতত আমাদের হাতঘড়ির মত ডিভাইসটা ওর কাছেই থাক। ও কোনো বিপদে পড়লে সঙ্গে সঙ্গে টের পাব।

# পর্ব : মনের খবর



গত দুদিন ধরে শাওনের কোনো খোঁজ নেই, বিপদ আপদ না হলেই হয়।
আমাদের ডিভাইস বলছে ও বাসাতেই আছে। কিন্তু কোনো খোঁজ নেই কেনো আমিও বুঝছি না
কাল বিকেলে না ঘুরতে যাওয়ার কথা ছিল? এলো তো নাই, কিছু জানালোও না...একটু খোঁজ নেয়া দরকার না?
ঠিকই বলেছ। আমি আজই যাই একবার ওর বাসায়।
সেদিন বিকেলে
ক্রিং... ক্রিং...
লিয়া... তুমি? হঠাৎ?
তোমার কোনো খোঁজ না পেয়ে এলাম। চেহারার এ কী অবস্থা? আর কাল এলে না যে? শরীর খারাপ নাকি?
না, মানে... আমার এই কদিন বাসা থেকে বের হওয়া মানা...
আমি বোধ হয় বুঝতে পারছি তুমি এমন কেন করছ... তোমার কি পিরিয়ড চলছে? কিন্তু সেজন্য ঘরবন্দি হয়ে বসে আছ কেন?
এত কিছু জানো আর এটা জানো না? মাসিকের সময় তো মেয়েদের বাসা থেকে বের হওয়া নিষেধ!
ধ্যুৎ! কে বলেছে এসব? মাসিকের সময় সবকিছুই করা যায়!




- ☐ হরমোনজনিত পরিবর্তনের কারণে বয়ঃসন্ধিকালে মেয়েদের মাসিক হয়
- ☐ মাসিক একধরনের রোগ
- ☐ মাসিকের সময় একটা স্যানিটারি প্যাড একবারই ব্যবহার করা যায়
- ☐ ব্যবহার করা স্যানিটারি প্যাড যেখানে সেখানে ফেললে তা থেকে রোগজীবাণু ছড়ানোর আশঙ্কা থাকে
- ☐ মাসিকের সময় পরিষ্কার পরিচ্ছন্ন পোশাক পরিধান করতে হবে।
- ☐ মাসিক চলাকালীন বাইরে যাওয়া বা খেলাধুলা করা ঠিক না
- ☐ মাসিকের সময় পরিষ্কার পরিচ্ছন্ন পোশাক পরিধান করতে হবে।
- ☐ মাসিকের সময় মাছ, মাংস, টক, ঝাল খাওয়া যাবে না। মাছ, মাংস খেলে শরীরে আঁশটে গন্ধ হয়
- ☐ মাসিকের পরিমাণ অনুযায়ী স্যানিটারী প্যাড বা কাপড় দিনে অন্ততপক্ষে ৪ থেকে ৬ ঘন্টা পর পর বদলাতে হবে
- ☐ মাসিকের সময় পুষ্টিকর ও সুষম খাবার খেতে হয়
- ☐ মাসিকের কারণে ওজন কমে যায়
- ☐ মাসিক ব্যবস্থাপনার জন্য পরিষ্কার কাপড় বা নতুন স্যানিটারি প্যাড ব্যবহার করা উচিত

# সঠিক উত্তরগুলো একনজরে নিচে দেখে নাও

☑ হরমোনজনিত পরিবর্তনের কারণে বয়ঃসন্ধিকালে মেয়েদের মাসিক হয়

☑ মাসিকের সময় পরিষ্কার পরিচ্ছন্ন পোশাক পরিধান করতে হবে।

☒ মাসিক একধরনের রোগ

☒ মাসিকের সময় মাছ, মাংস, টক, ঝাল খাওয়া যাবে না। মাছ, মাংস খেলে শরীরে আঁশটে গন্ধ হয়

☑ মাসিকের সময় একটা স্যানিটারি প্যাড একবারই ব্যবহার করা যায়

☑ মাসিকের পরিমাণ অনুযায়ী স্যানিটারী প্যাড বা কাপড় দিনে অন্ততপক্ষে ৪ থেকে ৬ ঘণ্টা পর পর বদলাতে হবে

☑ ব্যবহার করা স্যানিটারি প্যাড যেখানে সেখানে ফেললে তা থেকে রোগজীবাণু ছড়ানোর আশঙ্কা থাকে

☑ মাসিকের সময় পুষ্টিকর ও সুষম খাবার খেতে হয়

☑ মাসিকের সময় পরিষ্কার পরিচ্ছন্ন পোশাক পরিধান করতে হবে।

☒ মাসিকের কারণে ওজন কমে যায়

☒ মাসিক চলাকালীন বাইরে যাওয়া বা খেলাধুলা করা ঠিক না

☑ মাসিক ব্যবস্থাপনার জন্য পরিষ্কার কাপড় বা নতুন স্যানিটারি প্যাড ব্যবহার করা উচিত


যাক, তাহলে তো কাল স্কুলে যেতে পারব!
অবশ্যই পারবে। হোমওয়ার্ক করেছ?
না তো! আয় হায়! কতগুলো বাড়ির কাজ! মাথাই গরম হয়ে যাচ্ছে আমার!
হ্যাঁ হ্যাঁ ওকেও ডাকো!
আরে ব্যাপার না! চলো আমি সাহায্য করব। এখুনি বসা যাক? বনিকেও আসতে বলি?
একটু পরে...
এই গ্রামার আমি ছোটবেলা থেকে ভয় পাই!
হি হি! আমারো আগে ভয় লাগত। দাঁড়াও দেখি তোমার খাতাটা...
?
ইয়ে শাওন.. এই রাতুলটা আবার কে?
হায় হায়! প্লিজ প্লিজ কাউকে বলে দিও না! প্লিইইইইজ!
আচ্ছা বলব না, কিন্তু ঘটনা কী?
রাতুল আমাদের ক্লাসেরই একটা ছেলে। খুব ভালো ডিবেট করে, আর খুব ভালো ক্রিকেট খেলে...
ওকে এত ভালো লাগে আমার...


তোমরা নিশ্চয়ই আমাকে খুব বাজে মেয়ে ভাবছ?
এটা নিয়ে এত লজ্জা পাবার কী হলো? দ্যাখো এটা তো হতেই পারে। এই ভালো লাগা, অস্থিরতা, আমাদের এই বয়সে খুবই স্বাভাবিক।
... আমার না সারাক্ষণ খালি ওর কথা মনে হয়...
আবার ভয় হয়, ক্লাসের বাকিরা এসব কিছু জেনে গেলে কী একটা লজ্জার অবস্থা হবে!
দ্যাখো এই বয়সে হুটহাট করে এরকম অনুভূতি আসতেই পারে, এটা নিয়ে এত অস্বস্তিতে ভোগার কিছু নাই। খেলাধুলা করো, গল্পের বই পড়ো, বন্ধুদের সাথে ঘোরাঘুরি করো, দেখবে ভালো লাগবে।
তুমি আর রাতুল যেহেতু একই ক্লাসের, তোমরা নিশ্চয়ই বন্ধু? বন্ধু হিসেবে বাকি সহপাঠীদের মত রাতুলের সাথেও সহজ স্বাভাবিক সম্পর্কটা রাখো। দুদিন পর ওর প্রতি তোমার এই অনুভূতি নাও থাকতে পারে, তার জন্যে বন্ধুত্বের সম্পর্কটা অস্বস্তিকর করে তোলার কোনো মানে তো নেই।
যাক, কাউকে বলতে পেরে কী যে শান্তি লাগছে। থ্যাঙ্কস আমাকে নিয়ে ঠাট্টা না করার জন্য...
আরে এটা নিয়ে ঠাট্টার কী আছে? বাদ দাও এখন।
হ্যাঁ, হোমওয়ার্ক কিন্তু এখনো বেশ অনেকটা বাকি!


যাক, আজকে ভালই পড়ালেখা হলো। গেলাম আমরা, কাল দেখা হবে।
এ কী?
এত পায়ের ছাপ কার??
কাল বৃষ্টি হয়েছে, তাই জুতোয় কাদা লেগে ছিল।
অন্তত দুইজন এসেছে এখানে, জুতোর ছাপের মাপ দেখো,তাহলেই বুঝবে!
শাওনকে নিয়ে সত্যিই দুশ্চিন্তা হচ্ছে। বড় বিপদে না পড়ে যায়।
হ্যাঁ, ওকে একেবারে একা রাখা ঠিক হচ্ছে না। এই বিপদে ওর বাবা-মাও কিছু করতে পারবে না।
কাল সকাল থেকে ওর আশেপাশে থেকে ওর উপর নজর রাখতে হবে।
আচ্ছা। ঠিক সকাল সাতটায় বের হব। রাতে শাওনের ডিভাইস হাই এলার্ট মোডে দিয়ে রেখো। যাতে কোনো সমস্যা হলে সাথে সাথে টের পাই।


পরদিন সকালে
বনি! ওঠো নি এখনো? সাতটা বাজে তো...
কী ব্যাপার, তুমি না বললে সাতটায় বেরোবে?
তুমি যাও লিয়া, আমার শরীরটা ভালো লাগছে না। একটু বিশ্রাম নিই আজকে।
কী বলো? তোমার হেলথ মনিটর ঠিক আছে তো? কোনো অসুখ বিসুখ হলে তো হেলথ মনিটরে দেখানোর কথা!
আচ্ছা, ছুটি নাও আজকে। আমি গেলাম, বাই!
বিপ বিপ... বিপ বিপ
উফ! হেলথ মনিটর!
তোমার শারীরিক অবস্থা বিশ্লেষণ করে বিষণ্ণতার লক্ষণ দেখছি। তুমি কি খারাপ বোধ করছ, এজেন্ট বনি?
সব তথ্যই তো আছে তোমার কাছে। কীজন্য খারাপ লাগছে ভালমতই জানো, অযথা ভনিতা কোরো না!






এজেন্ট বনির অবস্থা দেখতেই পাচ্ছ, ওকে একটু সাহায্য করতে পারবে? তাহলে নিচের তালিকা থেকে সঠিক তথ্যগুলো বেছে দাও। সঠিক উত্তরে ✓ আর ভুল ধারণায় ✗ চিহ্ন দিয়ে সাহায্য করো!

- ☐ বয়ঃসন্ধিকালে ছেলেদের যৌনাঙ্গ বৃদ্ধি পায় ও শুক্রাণু তৈরি হয়
- ☐ স্বপ্নে বীর্যপাত হলে স্বাস্থ্য নষ্ট হয়
- ☐ খারাপ ছেলেদের স্বপ্নে বীর্যপাত হয়
- ☐ স্বপ্নে বীর্যপাত হলে শরীরের কোন ক্ষতি হয় না বা শরীরকে দুর্বলও করে না।
- ☐ স্বপ্নে বীর্যপাত বয়ঃসন্ধিকালের একটি স্বাভাবিক প্রক্রিয়া
- ☐ স্বপ্নে বীর্যপাত একটি রোগ
- ☐ আজেবাজে চিন্তার কারণে স্বপ্নে বীর্যপাত হয়
- ☐ হরমোনজনিত পরিবর্তনের কারণে স্বপ্নে বা ঘুমের মধ্যে বীর্যপাত হয়

# সঠিক উত্তরগুলো একনজরে নিচে দেখে নাও

√ বয়ঃসন্ধিকালে ছেলেদের যৌনাঙ্গ বৃদ্ধি পায় ও শুক্রাণু তৈরি হয়

√ হরমোনজনিত পরিবর্তনের কারণে স্বপ্নে বা ঘুমের মধ্যে বীর্যপাত হয়



× খারাপ ছেলেদের স্বপ্নে বীর্যপাত হয়

× স্বপ্নে বীর্যপাত হলে স্বাস্থ্য নষ্ট হয়

√ স্বপ্নে বীর্যপাত বয়ঃসন্ধিকালের একটি স্বাভাবিক প্রক্রিয়া

× স্বপ্নে বীর্যপাত একটি রোগ

× আজেবাজে চিন্তার কারণে স্বপ্নে বীর্যপাত হয়

√ স্বপ্নে বীর্যপাত হলে শরীরের কোন ক্ষতি হয় না বা শরীরকে দুর্বলও করে না


এদিকে স্কুলে...
অ্যাই, আজকে টিফিনের পর স্কুল পালাবো। তুই যাবি আমাদের সাথে?
রাজী হব? না গেলে তো আবার আমাকে পচাবে সবাই। আবার স্কুল পালিয়ে বাইরে যাওয়াটাও রিস্কি...
কোথায় যাবি? পরে কোনো ঝামেলায় যদি পড়ি?
আগেই সন্দেহ করেছি তুই যাবি না...
মুরগির কলিজা নিয়ে ঘুরিস! ভীতুর ডিম কোথাকার!
বাদ দে, এই ভীতুকে নিয়ে উল্টো আমরা বিপদে পড়ব!
?
কী ব্যাপার? তোরা যাস নি?
আর বলিস না- তোর কথাই ঠিক।
নাইনের দুইজন আজ স্কুল পালিয়ে কোথায় গিয়ে যেন এমন বিপদে পড়েছে, গার্জিয়ান ডেকে কেলেঙ্কারি একদম...
তুই আসলে ভীতু না, তোর আসলে বুদ্ধি বেশি। হুটহাট কিছু করিস না। এটাই ভালো আসলে, বুঝলি?



সেদিন রাতে...
আজকের ঘটনাটা বনি আর লিয়াকে বলতেই হবে।
টিং টিং টিং...
হ্যালো শাওন, কোনো সমস্যা? এত রাতে কল দিয়েছ যে?
আরে রাত বাজে মাত্র ১২টা, সবে তো সন্ধ্যা! স্কুলে আজকে একটা ঘটনা ঘটেছে সেটা বলতে ফোন দিলাম।
এখন তো বোধ হয় বনিও ঘুমাচ্ছে। তার চেয়ে কাল সকালে তোমার বাসায় এসে একসাথে শুনব।
আচ্ছা আচ্ছা! একসাথেই আড্ডা হবে তাহলে কাল।
পরদিন
খুবই বুদ্ধিমানের কাজ করেছ স্কুল না পালিয়ে। একটা বিপদ হলে কেমন হত?
হ্যাঁ, আর এরকম কোন অকাজ করে ধরা পড়লে আব্বু আম্মু আমার গল্পের বই, ল্যাবের গবেষণা সব বন্ধ করে দিত।
আর তোমার তো মনে হচ্ছে নতুন বন্ধুও হয়েছে ক্লাসে?
হ্যাঁ, আমাদের জন্য.. মানে ইয়ে... তোমার জন্য খুব ভালো খবর!
ভালো কথা, তোমার এই যে বেশি রাত জাগার অভ্যেস, এটা কিন্তু ভালো কিছু না।
প্রতিদিনের কাজের একটা রুটিন বানানো জরুরি।







| | সময় বণ্টন | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কাজ | রবিবার | সোমবার | মঙ্গলবার | বুধবার | বৃহস্পতি বার | শুক্রবার | শনিবার |
| ঘুম থেকে ওঠা | | | | | | | |
| সকালের নাস্তা | | | | | | | |
| স্কুলের সময় | | | | | | | |
| গোসল | | | | | | | |
| দুপুরের খাবার | | | | | | | |
| গল্পের বই পড়া/ ছবি আঁকা/ বাসার সবার সঙ্গে গল্প করা | | | | | | | |
| শরীরচর্চা/ খেলা | | | | | | | |
| বিকেলের নাশতা | | | | | | | |
| বন্ধুদের সঙ্গে আড্ডা | | | | | | | |
| পড়ালেখা | | | | | | | |
| রাতের খাবার | | | | | | | |
| ঘুমাতে যাওয়া | | | | | | | |

সম্ভাব্য কাজগুলো বসিয়ে একটা সাপ্তাহিক রুটিনের খসড়া দেওয়া হলো। তুমি তোমার সুবিধামতো সময় ও কাজ ঠিক করে নিও। এর বাইরেও তোমার অন্য কাজ রাখতে চাইলে ছকে যুক্ত করে নিতে পারো। সব কাজ প্রতিদিন করতে হবে তারও কোনো বাধ্যবাধকতা নেই। সপ্তাহের কোন দিন, কখন, কোন কাজটা করবে তা তোমার সুবিধামতো বসিয়ে নাও।

# পর্ব : বিপদের গন্ধ


তোমার ঐ প্রজেক্টের কাজ কতদূর হলো? প্রদর্শনীর তো বেশিদিন বাকি নেই।
কাজ তো আগাচ্ছে। কিন্তু শেষ হয়নি এখনো। হাতের কাছে তো অতকিছু পাওয়াও যায় না। দুইবার পুরো ডিজাইন পাল্টেছি...


হ্যাঁ, বিচ্ছু তিনটা একসাথেই আছে...
ওই দুইজন গেলেই ঢুকব আবার?
একটা পুঁচকা মেয়ের উপর নজর রাখতে গিয়ে তো জান শেষ আমার। মাঝে মাঝে...
আর অপেক্ষা করার ধৈর্য্য থাকে না... মনটা চায়...


আঁ আঁ
ম্যাঁও
কিকির গলা না?
নিশ্চয়ই কোনো বিপদ!
তাড়াতাড়ি চলো!



ম্যাঁও
সাব্বাস কিকি! চোর ধরতে না পারলেও চোরের কিছু প্রমাণ তো রেখেছিস!
ম্যাঁও
কিন্তু এই মাফলার তো অনেকেই পরে। কীভাবে খুঁজে পাব আমাদের চোর?
এই গরমে মাফলার পরবে কে ছদ্মবেশ ছাড়া?
দাঁড়াও, মনে পড়েছে! আমাদের স্কুলের সামনের ঝালমুড়ি মামা...
কয় সপ্তাহ ধরে একে নতুন দেখছি। সারাক্ষণ মাফলার দিয়ে মুখ ঢেকে রাখে। জিজ্ঞেস করলে বলে শরীর খারাপ...



ফোনে কোনো নাম পরিচয় পেলে?
নাহ! ঘাঘু ক্রিমিনাল। কোনো নম্বর সেইভ করা নাই। ছবি, নাম কিচ্ছুনা! ফোনটাও চোরাই খুব সম্ভব।
তবে ব্যাটা একটু আগেই মেসেজ চালাচালি করছিল কারু সাথে...
boss
last seen today at 2:40 pm
আমরা খামাখাই দেরি করছি কেন? এখুনি যা করার করলেই হয়।
আরে গাধা কাজ তো শেষও করেনি! কয়টা খুচরা পার্টস নিয়ে করব কী?
তাহলে কি বস মিশন বাতিল?
পাগল হয়েছ? এই মডেল কত টাকায় বিক্রি করা যাবে কোন ধারণা আছে তোমার? এই জিনিস ছাড়া যাবে না!
কিন্তু বস... কবে শেষ হবে বুঝব কেমনে?
অপেক্ষা করা লাগবে, উপায় নেই। রিস্ক নেব না, কম্পিটিশনের আগে তো কাজ পুরো শেষ করবেই!



পরদিন স্কুল ছুটির পর
কখন এসেছ তোমরা? সরি বের হতে দেরি করে ফেলেছি।
আরে সেটা ব্যাপার না। তোমার ঝালমুড়ি মামাকে দেখাও এখন।
আরেহ! এখানেই তো বসত! প্রতিদিন ছুটির পর ঝালমুড়ি খাওয়া হয় আমার ওনার কাছ থেকে...
মামা, এখানে যে একজন ঝালমুড়ি নিয়ে বসেন, উনি কই?
কইতে পারুম না! ওরে চিনে না কেউ এই এলাকার। কইত্থেইকা আইসে তাও জানিনা।
শাওন, এই লোক আসলে তোমার উপর নজর রাখতেই এখানে আসত। গতকালের ঘটনার পর সাবধান হয়ে গেছে।
বুঝলাম না! আমার উপর নজর রাখার কী আছে? আমি তো ক্রিমিনাল না, গোয়েন্দাও না!
ইয়ে, শাওন। তুমি না বলছিলে প্রতিদিন ঝালমুড়ি খাও?
হ্যাঁ, ক্লাস ছুটির পর একটা কিছু তো খাওয়া হয়ই! কখনও ঝালমুড়ি, কখনও সিঙ্গারা...
একটাও তো স্বাস্থ্যকর কিছু না। এভাবে হাবিজাবি খেতে থাকলে দুদিন পর অসুস্থ হয়ে কোনো কাজই করতে পারবেনা। তোমার গবেষণাও মাথায় উঠবে!
তোমার নিজের বুঝতে হবে কোনটা স্বাস্থ্যের জন্য ভালো আর কোনটা খারাপ...
আর সে অনুযায়ী কোন খাবার কতটুকু খাওয়া উচিৎ, আর কোন খাবার খাওয়া একেবারেই ঠিক না।






**শর্করা জাতীয় খাবার**

ভাত, পাউরুটি, চাপটি, রুটি, সুজি, সেমাই আলু, মধু, কলা (মুড়ি, চিড়া, চিনি, আটা,চাল বা ময়দার রুটি)



**আমিষ জাতীয় খাবার**

প্রাণীজ জাতীয় ও উদ্ভিদ জাতীয় আমিষ যেমন- ডিম, ডাল, দুধ, মাছ, মাংস, সবজি বা ফলের বিচি (যেমন- সিম, কাঁঠালের বিচি, কুমড়ার বিচি) ছোটমাছ, কলিজা, বাদাম




**স্নেহ জাতীয় খাবার**

তেল, মাখন, ঘি, দুধ, দই, নারিকেল



**ভিটামিন ও খনিজ জাতীয় খাবার**

শাক (কচুশাক, পুঁইশাক, পালংশাক, লালশাক), সবজি (গাজর, মিষ্টিকুমড়া, ঢেঁড়স, শিম, মটরশুঁটি, টমেটো), ডাবের পানি (ডাব), পাকা পেঁপে, লেবু, আমড়া, পেয়ারা, জলপাই, বরই, পাকা আম, আয়োডিনযুক্ত লবণ




# খাদ্য পিরামিড

# শেষ পর্ব : অপারেশন টাইম




সেদিন রাতে
এখন শুধু অপেক্ষা। কেউ ঘুমিয়ে যেও না।
তোমরা নিশ্চিত আজকে রাতেই চোর ধরা পড়বে?
আমাদের তো তাই ধারণা!
শ-শ-শ কেউ আসছে!
বাবা...রে...
খবরদার! একদম নড়াচড়া করবে না।


বজ্জাতের দল, ঘাড় মচকে দিয়েছিস আমার!
তোদের কোনো ধারণা আছে তোরা কার সাথে লাগতে এসেছিস? আর এই দুই বিচ্ছুকে কোত্থেকে জুটালি? আজকে জন্মের শিক্ষা দিয়ে দেব তোর এই জানি দোস্তদের!
বড়ভাই, একদম ফেলে দিই? যন্ত্রণা বাঁচিয়ে রেখে লাভ কী?
চুপ কর গাধা! শাওনের গায়ে হাত দেয়াই যাবে না। থানা পুলিশ হলে ঝামেলায় পড়ে যাব।
এবার!
উফ!!
বাপ রে!
সে কী? এ কী করলে তোমরা??
হাহাহা! ভেবোনা। ঘুমিয়ে থাকবে ঘণ্টাখানেক, বাস!
আর ঘুম ভাঙার পর আজ রাতের কিছুই আর মনে করতে পারবে না।


পরদিন সকালে
কী বলে যে ধন্যবাদ দেব! ফোন দিতেই এত দ্রুত চলে এসেছেন আপনারা!
কী বলেন, আমাদের কাজই তো এটা! এই দুই চোর সংঘবদ্ধ চক্রের অংশ, অনেকদিন ধরেই এদের খুঁজছি আমরা! তবে আপনার মেয়ের সাহস আছে বলতেই হবে!
হ্যাঁ আমরাও অবাক! ও পেছন থেকে এটাক করে একাই দুইজনকে কাবু করে ফেলেছে!
যেভাবে দুজন ঝিমাচ্ছে! নির্ঘাৎ ড্রাগ অ্যাডিক্টেড। ওইজন্যই পেরে ওঠে নি বোধ হয়!
একটু পরে
তোমরা শেষ মুহূর্তে হাওয়া হয়ে গেলে কেনো? আমাকে একগাদা মিথ্যা বানিয়ে বলা লাগলো!
আমাদের পরিচয় যত কম মানুষ জানে ততই ভালো। অযথা টানা হ্যাঁচড়া করবে।
কেনো? জানলে সমস্যা কী? আর তোমরা কাল রাতে যে অস্ত্র ব্যবহার করলে তা পেলেই বা কোথায়? কিছুই কিন্তু বলো নি!
এসব নিয়ে আলাপের আরো অনেক সময় পাবে। কালকেই না তোমার ক্ষুদে বিজ্ঞানী প্রতিযোগিতা? প্রজেক্ট গোছানো শেষ হয়েছে?
তা শেষ, শুধু কিছু এসেম্বল করা বাকি। সেটা রাতে সেরে ফেলব!
কী যে নার্ভাস লাগছে!
পরদিন প্রতিযোগিতার আসরে
জাতীয় ক্ষুদে বিজ্ঞানী প্রতিযোগিতা
জেলা পর্যায়



জেলা পর্যায়ে ক্ষুদে বিজ্ঞানী প্রতিযোগিতায় বিশেষ পুরস্কার পেয়েছে ফুলতলী উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী শাওন চৌধুরী!!
সারা বিশ্ব যখন নবায়নযোগ্য শক্তির নতুন উৎস নিয়ে গবেষণায় ব্যস্ত, তখন শাওন চৌধুরীর এই প্রজেক্ট এদেশের বিজ্ঞানীদের নতুন করে আশা দেখাবে, এমন আশা বিচারকদের। এই ছোট্ট প্রজেক্ট থেকেই হয়ত একসময় বড় কোনো উদ্ভাবন আমরা দেখতে পাবো। শাওনকে অনেক শুভেচ্ছা!
দারুণ প্রজেক্ট আইডিয়া তোমার! তুমি বড় হয়ে কী হতে চাও?
বিজ্ঞানী হতে চাই স্যার।
সাব্বাস!!
অভিনন্দন!
দারুণ!
ফ্যান্টাস্টিক!
আমাদের মিশন মনে হচ্ছে শেষ!
হ্যাঁ, শাওনকে নিয়ে আর ভয় নেই। ও এখন আর আগের মতো একা নয়।
পরদিন সকালে
কী বলছ কিছুই বুঝছি না। কোথায় যাবে তোমরা?
না-ই বা জানলে। এখন আমাদের বিদায় দাও। আমাদের কাজ শেষ। যাবার পালা এখন।
কী কাজ? তোমরা কে আসলে?
.......
খুব জানার ইচ্ছে? বিকেলে জঙ্গলের মুখে থেকো তাহলে। নিজের চোখেই দেখবে।


বিকেলে জঙ্গলের ভেতরে
আমার একেবারেই বিশ্বাস হচ্ছে না। তোমরা সত্যি ভবিষ্যৎ থেকে এসেছ? আমাকে সাহায্য করতে? কিন্তু কেন?
তা না-ই বা জানলে শাওন। বাকিটুকু জেনে গেলে এই মিশন ব্যর্থ হয়ে যাবে। অতীতে গিয়ে ভবিষ্যতের তথ্য দেয়ার নিয়ম নেই।
যেটুকু জানলে সেটিও যেন অন্য কেউ কখনও না জানে। সিক্রেট মিশনে এসে পরিচয় ফাঁস করেছি জানলে আমাদের দুজনেরই চাকরি নট হয়ে যাবে!
তাহলে এখন কি বিদায়?
হ্যাঁ। আমাদের সময় শেষ। তুমি ভালো থেকো। আর গবেষণার কাজটা চালিয়ে যেও। নিজের যত্ন নিও।
সবকিছুর জন্য ধন্যবাদ বনি ও লিয়া। এবং কিকি তোমাকেও।
আমরা এখন টাইম মেশিন চালু করব। তুমি একটু দূরে গিয়ে দাঁড়াও।



২০৬০ সাল
ওয়াহ! এসে গেছি!
হ্যাঁ! ভালোয় ভালোয় শেষ হলো এবারের মিশন।
তোমাকেও অভিনন্দন নিও! তোমার সাহায্য না পেলে কাজটা অনেক কঠিন হয়ে যেত!
বিপ বিপ বিপ...
ব্রেকিং নিউজ এলার্ট! দেখি তো কী হলো আবার!
ওয়াও!!!
ব্রেকিং নিউজ
নবায়নযোগ্য শক্তি নিয়ে গবেষণায় বাংলাদেশী বিজ্ঞানী শাওন চৌধুরীর নোবেল পুরস্কার লাভ।
"আমি কৃতজ্ঞ আমার পরিবার ও ছোটবেলার বন্ধুদের প্রতি, যারা আমাকে প্রতিনিয়ত উৎসাহ জুগিয়েছে।"
- ড. শাওন চৌধুরী
আরেব্বাহ! নোবেলজয়ীর বন্ধু আমরা! দেখা করে আসব নাকি?
নাহ! পরিচয় জেনে গেলে চাকরি থাকবেনা! তাছাড়া...
আমাদের যে বয়স এখন দেখা হলে আন্টি ডাকতে হবে!
হা হা হা !!!
হা হা হা !!!

# অভিনন্দন!

বুদ্ধিমত্তা ও সাহসিকতার স্বীকৃতি হিসেবে, এবং দলের দায়িত্বশীল সদস্য হিসেবে ভূমিকা পালন করায় এজেন্ট ............................................................... (কোডনেম: এজেন্ট 'নিও') কে আন্তর্জাতিক কিশোর গোয়েন্দা ব্যুরো থেকে এই প্রশংসাপত্র দেয়া হলো।

তারিখ: ........./........../...................



স্বাক্ষর

...............................

পরিচালক,

আন্তর্জাতিক কিশোর গোয়েন্দা ব্যুরো



# CHANGE AGENT

চেইঞ্জ এজেন্ট গেইম মোবাইল বা কম্পিউটারে খেলতে কোডটি স্ক্যান কর অথবা ব্রাউজ কর https://changeagentbd.com